গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

# জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল

## *সিটিজেন চার্টার*

জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল (NICRH) ক্যান্সার রোগীদের জন্য বিশেষায়িত সেবা প্রদান করে। এখানে শুধুমাত্র ক্যান্সার রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হয়।

***সেবাগ্রহীতাদের জন্য নিম্নলিখিত সেবা ও সুবিধাসমূহ প্রদান করা হয়:***

- জরুরি বিভাগ ২৪ ঘণ্টা খোলা থাকে এবং ক্যান্সার রোগীদের জরুরি চিকিৎসা সেবা প্রদান করা হয়।
- ইমার্জেন্সি মেডিকেল অফিসার সার্বক্ষণিক কর্মরত থাকেন।
- ভর্তিযোগ্য ক্যান্সার রোগীদের ভর্তি কমিটির মাধ্যমে ভর্তি করা হয়।
- বহির্বিভাগে সকাল ৮.০০ থেকে বিকাল ২.৩০ পর্যন্ত সুনির্দিষ্ট সেবা প্রদান করা হয়।
- বহির্বিভাগ হতে নির্ধারিত ফি দিয়ে অথবা অনলাইনে টিকেট সংগ্রহ করতে হয়।
- "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে সেবা প্রদান করা হয়।
- ইউজার ফি (সেবার বিনিময়ে আদায়যোগ্য ফি)-র তালিকা সংশ্লিষ্ট বিভাগে টানানো আছে।
- অসচ্ছল ও প্রাধিকারভুক্ত রোগীদের বিনামূল্যে সেবা প্রদান করা হয়।
- সরবরাহ সাপেক্ষে ঔষধসমূহ বিনামূল্যে প্রদান করা হয়। তবে চিকিৎসার প্রয়োজনে কিছু ঔষধ বাহির থেকে ক্রয় করতে হতে পারে।
- তথ্য/অনুসন্ধান ডেস্ক বিদ্যমান আছে।
- মহিলাসহ সকল রোগীর পরীক্ষা ও চিকিৎসা প্রদানের ক্ষেত্রে যথাযথ গোপনীয়তা রক্ষা করা হয়।
- নিরাপদ খাবার পানির ব্যবস্থা আছে।
- নারী ও পুরুষের জন্য পৃথক পরিচ্ছন্ন টয়লেটের ব্যবস্থা আছে।
- হাসপাতালে ফ্রি বেড, পেয়িং বেড এবং কেবিন বিদ্যমান, যার ফি সরকার কর্তৃক নির্ধারিত।
- হিস্টোপ্যাথলজি, সাইটোপ্যাথলজি, হেমাটোলজি, রেডিওলজি, ইমিউনোলজিসহ ক্যান্সার নির্ণয়ের সকল আধুনিক সুবিধা বিদ্যমান।
- ভর্তি রোগীদের বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে ক্যান্সারের সকল প্রকার চিকিৎসা সেবা (রেডিওথেরাপি [মেশিন সচল থাকা সাপেক্ষে], ক্যান্সার-সার্জারি, কেমোথেরাপি, পরিসঞ্চালন, ফিজিওথেরাপি এবং পুনর্বাসন প্রভৃতি) প্রদান করা হয়।
- ডে-কেয়ার কেমোথেরাপি সেবা পাওয়া যায়।

***সেবাগ্রহীতার কর্তব্য:***

- সেবাপ্রদানকারীদের সাথে সৌজন্যমূলক আচরণ করা।
- হাসপাতালের নিয়ম-কানুন মেনে চলা।
- জাতীয় পরিচয়পত্রসহ প্রয়োজনীয় নথিপত্র সঙ্গে রাখা।

ঠিকানা: মহাখালী, টিবি গেট রোড, ঢাকা, বাংলাদেশ।
ফোন: (+88)0255067191, (+88)02222280078
ইমেইল: nicrh@hospi.dghs.gov.bd
ওয়েবসাইট: www.nicrh.gov.bd